

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৩৯৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৬৪]

১০. কিতাবুল আযান (کتاب الأذان)

পরিচ্ছেদঃ রোগাক্রান্ত ব্যক্তি কি পরিমাণ রোগ নিয়ে জামাআতে শরীক হবে?

باب حَدِّ الْمَرِيضِ أَنْ يَشْهَدَ الْجَمَاعَةَ

আরবী

اللهِ عَنْ عَائِشَةَ رَضِيَ اللهَ عَنْهَا قَالَتْ: لَمَّا مَرِضَ رَسُولُ اللَّهِ مَرَضَهُ الَّذِي مَاتَ فِيهِ، فَحَضَرَتِ الصَّلاةُ، فَأُذِّنَ، فَقَالَ مُرُوا أَبَا بَكْرٍ فَلْيُصِلِّ بِالنَّاسِ. فَقِيلَ لَهُ: إِنَّ أَبَا بَكْرٍ رَجُلٌ فَصِيفٌ، إِذَا قَامَ فِي مَقَامِكَ لَمْ يَسْتَطِعْ أَنْ يُصِلِّيَ بِالنَّاسِ، وَأَعَادَ، فَأَعَادُوا لَهُ، فَأَعَادَ الثَّالِثَةَ، فَقَالَ إِنَّكُنَّ صَوَاحِبُ يُوسُفَ، مُرُوا أَبَا بَكْرٍ فَلْيُصِلِّ بِالنَّاسِ. فَخَرَجَ أَبُو بَكْرٍ فَصَلَّى، فَوَجَدَ النَّبِيُّ مِنْ نَفْسِهِ خِفَّةً، فَخَرَجَ يُهَادَى بَيْنَ رَجُلَيْنِ، كَأَنِّي أَنْظُرُ رِجْلَيْهِ فَصَلَّى، فَوَجَدَ النَّبِيُّ مِنْ نَفْسِهِ خِفَّةً، فَخَرَجَ يُهَادَى بَيْنَ رَجُلَيْنِ، كَأَنِّي أَنْظُرُ رِجْلَيْهِ فَصَلَّى، فَوَجَدَ النَّبِيُّ مِنْ نَفْسِهِ خِفَّةً، فَخَرَجَ يُهَادَى بَيْنَ رَجُلَيْنِ، كَأَنِّي أَنْظُرُ رِجْلَيْهِ فَصَلَّى، فَوَجَدَ النَّبِيُّ مِنْ نَفْسِهِ خِفَّةً، فَخَرَجَ يُهَادَى بَيْنَ رَجُلَيْنِ، كَأَنِّي أَنْ مَكَانَكَ، ثمَّ أُبِي بِهِ حَتَّى تَخُطَّانِ مِنَ الْوَجَعِ، فَأَرَادَ أَبُو بَكْرٍ أَنْ يَتَأَخَّرَ، فَأَوْمَأَ إِلَيْهِ النَّبِيُّ أَنْ مَكَانَكَ، ثمَّ أُبِي بِهِ حَتَّى جَلُسَ إِلَى جَنْبِهِ، وَكَانَ النَّبِيُّ يُصِلِي، وَأَبُو بَكْرٍ يُصِلِي بِصِلاتِهِ، وَالنَّاسُ يُصِلُونَ بِصَلَاقِ بَعِ مَالُونَ بِصَلَاقٍ مَا يُعْرَا وَفِي رَواية: جَلَسَ عَنْ يَسَارِ أَبِي بَكْرٍ، فَكَانَ أَبُوبَكْرٍ يُصِلِّي قَائِمًا (بخارى: اللَّكُ

বাংলা

৩৯৪) আয়েশা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লাম মৃত্যু রোগে আক্রান্ত অবস্থায় যখন নামাযের সময় হল এবং আযান দেয়া হল তখন তিনি বললেনঃ আবু বকরকে বল সে যেন মানুষের ইমামতি করে। তাঁকে বলা হল আবু বকর কোমল হৃদয়ের মানুষ। তিনি আপনার স্থানে দাঁড়িয়ে মানুষের ইমামতি করতে পারবেনা। তিনি পুনরায় একই আদেশ করলে তারাও একই জবাব দিলেন। তৃতীয়বার তিনি বললেনঃ নিশ্চয়ই তোমরা ইউসূফ (আঃ)এর বিরুদ্ধে চক্রান্তকারী নারীদের অনুরূপ। অর্থাৎ মহিলারা চক্রান্ত করে যেমনভাবে ইউসূফ (আঃ)কে বিভ্রান্তিতে ফেলেছিল তোমরাও আমাকে সেরূপভাবে বিভ্রান্তিতে ফেলতে চাচছ। আবু বকরকে বল সে যেন মানুষের ইমামতি করে। আবু বকর বের হয়ে নামাযে দাঁড়ালেন। এমন সময় নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লাম কিছুটা সুস্থতা অনুভব করলেন। তাই তিনি দু'জন লোকের কাঁধে ভর দিয়ে ঘর থেকে বের হলেন। আয়েশা (রাঃ) বলেনঃ আমি যেন এখনও সে দৃশ্য অবলোকন করছি, যখন তিনি রোগ যন্ত্রনায় নিজ পা দু'টি মাটিতে হিঁচড়ে চলছিলেন। আবু বকর (রাঃ) তাঁকে দেখে পিছনে চলে আসতে চাইলেন। নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লাম তাঁর দিকে ইঙ্গিত করে বুঝিয়ে দিলেন যে, তুমি নিজ স্থানেই থাক। অতঃপর তাঁকে মসজিদে নিয়ে যাওয়া



হল। তিনি আবু বকরের পার্শ্বে বসলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নামায পড়ছিলেন। আবু বকর (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নামাযের অনুসরণ করছিলেন। আর লোকেরা আবু বকরের নামাযের অনুসরণ করে নামায আদায় করছিল। অন্য বর্ণনায় আছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আবু বকরের বাম পার্শ্বে বসেছিলেন। আর আবু বকর দাঁড়িয়ে নামায পড়ছিলেন।

English

The limit set for a patient to attend the congregational Salat (prayer)?

Narrated Al-Aswad:

"We were with `Aisha discussing the regularity of offering the prayer and dignifying it. She said, 'When Allah's Messenger (ﷺ) fell sick with the fatal illness and when the time of prayer became due and Adhan was pronounced, he said, 'Tell Abu Bakr to lead the people in prayer.' He was told that Abu Bakr was a softhearted man and would not be able to lead the prayer in his place. The Prophet (ﷺ) gave the same order again but he was given the same reply. He gave the order for the third time and said, 'You (women) are the companions of Joseph. Tell Abu Bakr to lead the prayer.' So Abu Bakr came out to lead the prayer. In the meantime the condition of the Prophet (ﷺ) improved a bit and he came out with the help of two men one on each side. As if I was observing his legs dragging on the ground owing to the disease. Abu Bakr wanted to retreat but the Prophet (ﷺ) beckoned him to remain at his place and the Prophet (ﷺ) was brought till he sat beside Abu Bakr." Al-A`mash was asked, "Was the Prophet (ﷺ) praying and Abu Bakr following him, and were the people following Abu Bakr in that prayer?" Al- A`mash replied in the affirmative with a nod of his head. Abu Muawiya said, "The Prophet (ﷺ) was sitting on the left side of Abu Bakr who was praying while standing."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন